

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০২.১৫(অংশ-১)- ৩০৮

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৩
১৩ এপ্রিল ২০১৭

বিষয় : নির্ধারিত স্থানে পশু জবাই নিশ্চিতকরণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ সংক্রান্ত সভার কার্যবিবরণীর আলোকে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : সিটি কর্পোরেশন-১ শাখার স্মারক নং-৪৪৪, তারিখঃ ০৯/০৪/২০১৭ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমগ্র বাংলাদেশে ২০১৭ সালে নির্ধারিত স্থানে শতভাগ কোরবানি নিশ্চিতকরণ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ১৯ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার ৬, ৭ ও ১৩ নং সিদ্ধান্ত নিম্নরূপঃ

“৬। সমগ্র বাংলাদেশে নির্ধারিত স্থানে কোরবানি অনুষ্ঠান নিশ্চিত করার জন্য সিটি কর্পোরেশন পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

৭। সিটি কর্পোরেশন, পৌরসভাসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কসাই প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

১৩। কোরবানি পশুর হাটের ইজারাগ্রহণকারী কর্তৃপক্ষ পশু চিকিৎসক/ভেটেরিনারি মেডিকেল টিমকে তাদের কার্যক্রমে সহযোগিতা করতে হবে।”

০২। এমতাবস্থায়, বর্ণিত কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর ৬, ৭ ও ১৩ নং সিদ্ধান্তসহ অন্যান্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে তাঁর জেলার সকল ইউনিয়ন পরিষদকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক (সকল)

----- জেলা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।